

**কর্মসংস্থান ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন পদে পদোন্নতির নীতিমালা।**

ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৫.০২.২০১০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৫২তম সভায় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন পদে পদোন্নতি সংক্রান্ত বিদ্যমান নীতিমালার কতিপয় অনুচ্ছেদের সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/বিয়োজনের অনুমোদন প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ০৫-০৫-২০১০ তারিখের অম/ব্যাআপ্রবি/প্রঃব্যঃশা/বিবিধ-১/২০০৮(অংশ-১)-২৫০ নং স্মারকের আলোকে পর্যদ অনুমোদিত পদোন্নতি নীতিমালা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়। বাক্যে ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রস্তাবিত পদোন্নতি নীতিমালাটি কিছু সংশোধনসহ নিম্নোক্তভাবে অনুমোদন করে :

- ২। ব্যাংকের বিভিন্ন পদে পদোন্নতির জন্য কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা - ২০০২ এর তফসিলে নির্ধারিত চাকুরীকাল পূর্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ পদোন্নতির জন্য বিবেচিত হবেন।
- ৩। ০২নং অনুচ্ছেদে বর্ণিত কর্মকর্তা-কর্মচারীর চাকুরী বর্তমান পদে স্থায়ী হওয়ার পাশাপাশি নির্ধারিত চাকুরীকাল পূর্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন। প্রতি বছরের জুন মাসের ৩০ তারিখ ও ডিসেম্বরের ৩১ তারিখের পদোন্নতির জন্য কটি-অব-হেট হিসাবে গণ্য করা হবে।
- ৪। কর্মসংস্থান বিধানে বর্ণিত কোন কর্মচারী অবিকার হিসাবে পদোন্নতি দাবী করতে পারবেন না।
- ৫। কর্মচারীগণকে পদোন্নতি প্রদানের উদ্দেশ্যে কর্তৃপক্ষ, আদেশ দ্বারা এক বা একাধিক বিভাগীয় বাছাই কমিটি গঠন করতে পারবে। প্রতিটি কমিটিতে একজন চেয়ারম্যান, একজন সদস্য-সচিব এবং প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য সদস্য থাকবেন।
- ৬। কর্তৃপক্ষ কর্তৃক অনুচ্ছেদ ০৫ এর অধীনে গঠিত বিভাগীয় বাছাই কমিটির সুপারিশ ব্যতীত কোন পদে পদোন্নতি প্রদান করা যাবে না।
- ৭। কর্মচারীগণকে পদোন্নতি প্রদানের উদ্দেশ্যে বিভাগীয় বাছাই কমিটির সুপারিশ কর্তৃপক্ষের নিকট পেশ করার ক্ষেত্রে কমিটি তফসিলের বিধানাবলী অনুসরণ করবে।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, প্রিন্সিপাল অফিসার এবং সিনিয়র অফিসার পদে পদোন্নতির ক্ষেত্রে যোগ্য প্রার্থীদের এতদুদ্দেশ্যে গঠিত সাক্ষাৎকার কমিটি কর্তৃক সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
- ৯। **সিনিয়র অফিসার / সমমান ও তদূর্ধ্ব পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার কমিটি :**

সিনিয়র অফিসার/সমমান ও তদূর্ধ্ব পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার কমিটির গঠন কাঠামো হবে নিম্নরূপ :

- |     |   |               |
|-----|---|---------------|
| (১) | ব্যবস্থাপনা পরিচালক   | - চেয়ারম্যান |
| (২) | ব্যাংকের পরিচালনা বোর্ডের পরিচালক (বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি) | - সদস্য       |
| (৩) | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি                    | - সদস্য       |
| (৪) | মহাব্যবস্থাপক (প্রশাসন)   | - সদস্য       |
| (৫) | মহাব্যবস্থাপক (পরিচালন)   | - সদস্য       |
| (৬) | উপ-মহাব্যবস্থাপক (কব্যপ্রমাসবি)                                 | - সদস্য-সচিব  |

১০। **বিভিন্ন পদে পদোন্নতির জন্য বিভাগীয় বাছাই কমিটির গঠন কাঠামো হবে নিম্নরূপ :**

- |     |                                 |               |
|-----|---------------------------------|---------------|
| (১) | মহাব্যবস্থাপক (প্রশাসন)         | - সভাপতি      |
| (২) | মহাব্যবস্থাপক (পরিচালন)         | - সদস্য       |
| (৩) | উপ-মহাব্যবস্থাপক (কব্যপ্রমাসবি) | - সদস্য-সচিব। |

বিভাগীয় বাছাই কমিটির কোন একটি পদ শূন্য থাকলে অথবা বিভাগীয় বাছাই কমিটির সভায় কোন একজন সদস্য অনুপস্থিত (অসুস্থতা, ছুটি বা অন্য কোন কারণে) থাকলে সভাপতি ব্যাংকের জ্যেষ্ঠতম উপ-মহাব্যবস্থাপককে কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবেন।

কর্তৃপক্ষের পূর্বনুমোদন সাপেক্ষে প্রার্থীগণের সাক্ষাতকার গ্রহণ করার পূর্বে বিভাগীয় বাছাই কমিটি কর্তৃক তাদের (ক) বার্ষিক গোপনীয় প্রতিবেদন, (খ) শিক্ষাগত যোগ্যতা, (গ) ব্যাংকিং ডিপ্লোমা, (ঘ) চাকুরী নির্মাণ ইত্যাদি বিষয়ে নম্বর প্রদানসহ আনুষঙ্গিক সকল কার্যাদি সম্পাদনের পর পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা সুপারিশসহ সাক্ষাতকার গ্রহণের জন্য কমিটি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে।

১১. পদোন্নতির ক্ষেত্রে অনুসরণীয় বিধানাবলী :

১১.০১। পদোন্নতির ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ শর্তাবলী : বিভাগীয় বাছাই কমিটি অতঃপর কমিটি বলে উল্লিখিত, চাকুরী প্রবিধানমালার প্রবিধান-০৬ এবং পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য তফসিলের বিধানাবলী সাপেক্ষে, সাধারণভাবে সংশ্লিষ্ট সকল পদের ক্ষেত্রে এই অনুচ্ছেদসহ প্রযোজ্য সকল অনুচ্ছেদের বিধানাবলী অনুসরণক্রমে কমিটি সুপারিশ প্রণয়ন করবে।

১১.০২। কমিটির সভা : কার্য সম্পাদনের উদ্দেশ্যে কমিটির চেয়ারম্যান প্রয়োজনীয় সভা অনুষ্ঠানের ব্যবস্থা করবেন।

১১.০৩। পদোন্নতিযোগ্য প্রার্থীর সংখ্যা নির্ধারণ : যে কোন শ্রেণীর পদে পদোন্নতির জন্য কমিটি সাধারণত: শূন্য পদ সংখ্যার তিনগুণ সংখ্যক পদোন্নতিযোগ্য প্রার্থীকে চাকুরী প্রবিধানমালার প্রবিধান-১৪ এর অধীন প্রণীত জ্যেষ্ঠতা তালিকার ভিত্তিতে বিবেচনা করবে; এবং এতদুদ্দেশ্যে কর্মী ব্যবস্থাপনা বিভাগ সংশ্লিষ্ট পদের পদোন্নতিযোগ্য শূন্য পদসংখ্যা পূর্বাঙ্কেই নির্ধারণ করবে।

১১.০৪। পদোন্নতির যোগ্য প্রার্থীদের তালিকা প্রণয়ন : কমিটি কোন কারণে কোন কর্মচারীকে পদোন্নতির জন্য যোগ্য বিবেচনা না করলে, সংশ্লিষ্ট কারণ সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করে, যোগ্য প্রার্থীগণকে পদোন্নতির সুপারিশ করে তাদের একটি তালিকা প্রণয়ন করবে এবং তা নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের নিকট পেশ করবে ; এরূপ তালিকায় কমিটির চেয়ারম্যানসহ সকল সদস্য স্বাক্ষর করবেন।

১১.০৫। পদোন্নতিযোগ্য তালিকা পুনঃবিবেচনা : কর্তৃপক্ষ পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা প্রাপ্তির পর এতে কোন ভুলত্রুটি থাকলে বা এর কোন বিষয় পুনঃবিবেচনার প্রয়োজন আছে বলে মনে করলে উক্ত ভুলত্রুটি সংশোধন বা উক্ত বিষয় পুনঃবিবেচনার জন্য কমিটির নিকট তালিকাটি প্রেরণ করতে পারবে। অতঃপর কমিটি যথাযথ মনে করলে উক্ত ত্রুটি সংশোধন বা উক্ত বিষয় পুনঃবিবেচনা করতে পারবে।

১১.০৬। অতিক্রান্ত কর্মচারী সংক্রান্ত বিধান : কোন কর্মচারী কমিটির সুপারিশকৃত তালিকার অন্তর্ভুক্ত না হওয়ার ফলে পদোন্নতির ক্ষেত্রে অতিক্রান্ত হলে তার অতিক্রান্ত হওয়ার বিষয়টি তার ব্যক্তিগত নথিতে লিপিবদ্ধ করতে হবে।

১১.০৭। যোগ্যতা যাচাই পদ্ধতি :

১১.০৭(০১)। অনুচ্ছেদ ১১.০৩ এ বর্ণিত কর্মচারীগণের যোগ্যতা যাচাই এর উদ্দেশ্যে মহাব্যবস্থাপক ব্যতীত তফসিলে বর্ণিত প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীভুক্ত অন্যান্য সকল পদে পদোন্নতির জন্য সর্বোচ্চ যোগ্যতাসূচক মানের বন্টন হবে নিম্নরূপ :

বিষয়	দ্বিতীয় শ্রেণী হতে প্রথম শ্রেণী এবং প্রথম শ্রেণীর সকল পদে পদোন্নতির ক্ষেত্রে	তৃতীয় শ্রেণী হতে দ্বিতীয় শ্রেণীতে এবং তৃতীয় শ্রেণীর সকল পদে পদোন্নতির ক্ষেত্রে
বার্ষিক গোপনীয় প্রতিবেদন (সর্বশেষ ৩ বৎসরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন)	৫০	৫০
শিক্ষাগত যোগ্যতা	১২	১০
ব্যাংকিং ডিপ্লোমা (১ম পর্ব -২, ২য় পর্ব -৩)	০৫	০৫
মাঠ পর্যায়ের কর্মকর্তা / সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার পদে উন্নয়ন / ইঞ্জিনিয়ার / প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার/পেশাজীবী হিসাবে কার্যকাল	০৮	১০
৫. চাকুরীর দৈর্ঘ্য	১২	১২
৬. পরিচ্ছন্ন চাকরি রেকর্ড	০৩	০৩
৭. সাক্ষাৎকার	১০	--
৮. বাছাই কমিটির মূল্যায়ন	--	১০
মোট =	১০০	১০০

সাক্ষাৎকারের জন্য নির্ধারিত ১০ (দশ) নম্বর নিম্নরূপভাবে প্রদান করা হবে :

বিষয়	নম্বর	মন্তব্য
(ক) ব্যাংকিং বিষয়ে পেশাগত জ্ঞান ও দক্ষতা	২	উক্ত ১০ নম্বরের মধ্যে
(খ) মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতা, দক্ষতা ও সফলতা	২	একজন কর্মকর্তাকে
(গ) সমকালীন ঘটনাবলী সম্পর্কে সচেতনতা এবং দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের গতি প্রকৃতি ও সার্বিক অবস্থা সম্পর্কে ধারণা।	২	পদোন্নতির যোগ্যতা অর্জনের জন্য কমপক্ষে ৫
(ঘ) ব্যাংকের উন্নয়নের জন্য কর্মপন্থা নির্ধারণে ধ্যান ধারণা ও দক্ষতা	২	নম্বর পেতে হবে।
(ঙ) বাচন ভাষা, উপস্থাপনা, ব্যক্তিত্ব ও পোষাক-পরিচ্ছন্ন	২	
মোট =	১০	

১১.০৭(০২)। অনুচ্ছেদ ১১.০৩ এ বর্ণিত কর্মচারীগণের যোগ্যতা যাচাই এর উদ্দেশ্যে অফিসার/সমমান ও এ্যাসিস্টেন্ট অফিসার/সমমান পদে পদোন্নতির জন্য বিভাগীয় বাছাই কমিটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যাংকিং বিষয়ে পেশাগত জ্ঞান ও দক্ষতা, মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতা, দক্ষতা ও সফলতা ইত্যাদি বিষয়াবলীর উপর গুরুত্বারোপ করবে।

চলমান পাতা/৪

বাছাই কমিটির জন্য নির্ধারিত ১০ (দশ) নম্বর নিম্নরূপভাবে প্রদান করা হবে :

বিষয়	নম্বর	মন্তব্য
(ক) ব্যাংকিং বিষয়ে পেশাগত জ্ঞান ও দক্ষতা	৫	উক্ত ১০ নম্বরের মধ্যে একজন
(খ) দুই পর্যায়ে কাজের অভিজ্ঞতা, দক্ষতা ও সফলতা	৫	কর্মচারীকে পদোন্নতির যোগ্যতা অর্জনের জন্য কমপক্ষে ৫ নম্বর পেতে হবে
মোট =		১০

১১.০৮। মূল্যায়ন পদ্ধতি :

১১.০৮(০১)। বার্ষিক গোপনীয় প্রতিবেদন মূল্যায়ন : বার্ষিক গোপনীয় প্রতিবেদন যে বছরের ইউক না কেন এখন হতে পদোন্নতির জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিম্নোবর্ণিত নম্বর অনুযায়ী মূল্যায়ন করা হবে:

প্রতিবেদনের মার্কিং	সকল পদে পদোন্নতির জন্য
অতি উত্তম (Excellent)	= ৫০
উত্তম (Very Good)	= ৪০
ভাল (Good)	= ৩০
মোটা-মুটি (Average)	= ২০
খারাপ (Poor)	= ০০

১১.০৮(০২)। শিক্ষাগত যোগ্যতার মূল্যায়ন :

	দ্বিতীয় শ্রেণী হতে প্রথম শ্রেণী এবং প্রথম শ্রেণীর সকল পদে পদোন্নতির ক্ষেত্রে	তৃতীয় শ্রেণী হতে দ্বিতীয় শ্রেণীতে এবং তৃতীয় শ্রেণীর সকল পদে পদোন্নতির ক্ষেত্রে
মাস্টার্স/প্রকৌশলে স্নাতক	= ১২ নম্বর	১০ নম্বর
গ্রাজুয়েশন (সম্মান/পাসকোর্স)	= ১১ নম্বর	৯
এইচ এস সি	= ০৯ নম্বর	৮

১১.০৮(০৩)। পেশাগত যোগ্যতার মূল্যায়ন :

ব্যাংকিং ডিপ্লোমা - ১ম পর্ব	= ০২ নম্বর
ব্যাংকিং ডিপ্লোমা - উভয় পর্ব	= ০৫ নম্বর

১১.০৮(০৪)। চাকুরীকাল মূল্যায়ন (চাকুরীর দৈর্ঘ্য) :

- (ক) চাকুরীর দৈর্ঘ্য বলতে বর্তমান পদে চাকুরীকাল বুঝাবে।
- (খ) প্রতি পূর্ণ বৎসর চাকুরীর জন্য ০২(দুই) নম্বর এবং পরবর্তী প্রতি পূর্ণ ৬ (ছয়) মাসের জন্য ০১ নম্বর করে প্রাপ্ত হবেন। তবে মোট প্রাপ্ত নম্বর ১২ (বার) এর বেশী হবে না।

১১.০৮ (০৫) পরিচছন্ন সার্ভিস রেকর্ড :

i) লঘু দন্ডের ক্ষেত্রে -

লঘু দন্ডপ্রাপ্ত কর্মচারীর দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী - ০২ বছর ক্রমানুযায়ী যথাক্রমে - ২.০০ এবং - ১.০০ নম্বর বিয়োজন করা হবে এবং - তৃতীয় বছরে পূর্ণ নম্বর প্রাপ্ত হবেন।

ii) গুরু দণ্ডের ক্ষেত্রে -

গুরু দণ্ডপ্রাপ্ত কর্মচারীর দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০৩ বছর ক্রমানুযায়ী যথাক্রমে ৩.০০, ২.০০ এবং ১.০০ নম্বর বিয়োজন করা হবে এবং - চতুর্থ বছরে পূর্ণ নম্বর প্রাপ্ত হবেন।

১১.০৯। বিভাগীয় মামলা / শাস্তি :

১১.০৯(১)। বিভাগীয় মামলা ও পদোন্নতি কার্যক্রম : কোন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু থাকাকালেও কমিটি তাকে পদোন্নতির জন্য বিবেচনা করতে পারবে, তবে তার নাম কমিটি কর্তৃক সুপারিশ করা হলে উক্ত মামলার ফলাফল চূড়ান্ত না হওয়া পর্যন্ত কর্তৃপক্ষ উক্ত সুপারিশের ভিত্তিতে তাকে পদোন্নতি প্রদান করবে না।

১১.০৯(২)। শাস্তি আরোপিত থাকলে শাস্তির মেয়াদকাল নিম্নলিখিতভাবে হিসেব করতে হবে :

- (ক) তিরস্কার/শাস্তি হিসাবে ৭ (সাত) দিনের মূল বেতনের : শাস্তির পত্র ইস্যুর তারিখ হতে এক বছর সময়ের মধ্যে পদোন্নতি দেয়া যাবে না।
- (খ) অন্য কোন প্রকার লঘু দণ্ড প্রদান করা হলে : শাস্তির মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত পদোন্নতি দেওয়া যাবে না।
- (গ) গুরু দণ্ড প্রদান করা হলে : শাস্তির পত্র ইস্যুর তারিখ হইতে তিন বছর সময়ের মধ্যে পদোন্নতি দেয়া যাবে না।

১১.১০। কর্মকর্তা ও কর্মচারীদের শ্রেণীবিন্যাস :

ব্যাংকে বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে বর্ণিত পদ অনুযায়ী পদোন্নতি বিবেচনার ক্ষেত্রে বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীদের শ্রেণী বিন্যাস হবে নিম্নরূপ :

পদবী
উপ-মহাব্যবস্থাপক
সহকারী মহাব্যবস্থাপক
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
প্রিন্সিপাল অফিসার
সিনিয়র অফিসার/ সমমান
অফিসার
সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ)/সমমান

১১.১১। উপর্যুক্ত মার্কিং ক্রাইটেরিয়া মোতাবেক পদোন্নতির যোগ্যতা অর্জন / প্যানেলভুক্তির জন্য পাস নম্বর হবে নিম্নরূপ :

পদবী	পাস নম্বর	মন্তব্য
উপ-মহাব্যবস্থাপক	৮১	প্রথম শ্রেণীর সকল পদে এবং
সহকারী মহাব্যবস্থাপক	৮১	দ্বিতীয় শ্রেণী হতে প্রথম শ্রেণীর
সিনিয়র প্রিন্সিপাল অফিসার	৭৭	কর্মকর্তা পদে পদোন্নতির জন্য
প্রিন্সিপাল অফিসার	৭৫	কর্মকর্তাদের ক্ষেত্রে সাক্ষাৎকার
সিনিয়র অফিসার/ সমমান	৭৫	কমিটির মূল্যায়নে সর্বনিম্ন ০৫
অফিসার	৭৫	নম্বর অবশ্যই পেতে হবে।
সহকারী অফিসার (সাধারণ-ক্যাশ)/সমমান	৭৫	

১১.১২। শাখার কাজের অভিজ্ঞতা : সহকারী অফিসার (সাধারণ/কাশ) থেকে সহকারী মহাব্যবস্থাপক পর্যন্ত বিভিন্ন পদে পদোন্নতির ক্ষেত্রে ব্যাংকের বিভিন্ন শাখার বা মাঠ পর্যায়ের অফিসে কাজের অভিজ্ঞতা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে কমিটি সংশ্লিষ্ট কর্মকর্তার পদোন্নতির জন্য তালিকা প্রণয়নের সময় নিম্নবর্ণিত বিধানের প্রতি লক্ষ্য রাখবে :

মাঠ পর্যায়ে প্রতি পূর্ণ বছর কাজের অভিজ্ঞতার জন্য ২.০০ নম্বর এবং অপূর্ণ বছরের ক্ষেত্রে ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব সময়ের জন্য ০১ (এক) নম্বর প্রাপ্য হবেন। তবে প্রাপ্ত নম্বর সংশ্লিষ্ট পদের ক্ষেত্রে এ জন্য নির্ধারিত সর্বোচ্চ নম্বর- এর অধিক হবে না।

১১.১৩। বিভাগীয় বাছাই কমিটি কর্তৃক প্রার্থী মূল্যায়ন, পদোন্নতির তালিকা প্রণয়ন ও সুপারিশ প্রদান :

(ক) সিনিয়র অফিসার/সমমান ও তদূর্ধ্ব পদে পদোন্নতির জন্য : কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ হতে পদোন্নতির যোগ্যতা অর্জনকারীদের তালিকা ও মূল্যায়ন সীট প্রাপ্তির পর বিভাগীয় বাছাই কমিটির চেয়ারম্যান এক বা একাধিক সভা আহ্বান করবেন। উক্ত সভায় বাছাই কমিটি প্রত্যেক কর্মকর্তার মূল্যায়ন সীটে উল্লেখিত তথ্যাদি পর্যালোচনা ও বিচার বিশ্লেষণ করে কমিটির বিবেচনায় উপযুক্ত প্রার্থী বাছাই করে নির্ধারিত নম্বর প্রদানপূর্বক প্রাথমিকভাবে পদোন্নতির যোগ্য বিবেচিত প্রার্থীদের জ্যেষ্ঠতার ভিত্তিতে কর্তৃপক্ষ কর্তৃক সাক্ষাতকার গ্রহণ ও পদোন্নতির জন্য শ্রেণিভিত্তিক তালিকা প্রণয়ন করবেন। প্রার্থী বাছাইয়ের সময় প্রার্থীর সার্বিক পারফরমেন্স অর্থাৎ ঋণ বিতরণ ও আদায়ে অবদান, সততা, সুনাম, নেতৃত্ব, কর্মদক্ষতা, ব্যক্তিত্ব, স্বাস্থ্য / শারীরিক যোগ্যতা, কোন ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতির নিদর্শন ইত্যাদি পদোন্নতির ক্ষেত্রে ইতিবাচক বিষয় হিসাবে বিবেচনায় আনতে হবে। সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তার ব্যক্তিগত নথি, বার্ষিক প্রতিবেদন এবং এই সংক্রান্ত যে কোন রেকর্ডপত্র পরীক্ষা করে দেখতে পারবেন। কমিটি কর্তৃক প্রণীত পদোন্নতির তালিকা কমিটির সুপারিশসহ সাক্ষাতকার গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। বিভিন্ন পদ/শ্রেণীভুক্ত কর্মকর্তাদের সাক্ষাতকার গ্রহণের জন্য গঠিত কমিটি কর্মকর্তাদের সাক্ষাতকার গ্রহণের পর পদোন্নতির যোগ্য বিবেচিত কর্মকর্তাদের জ্যেষ্ঠতার ভিত্তিতে একটি পদোন্নতির তালিকা প্রণয়ন করবে এবং চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করতে হবে। কর্তৃপক্ষের অনুমোদনের পর পদোন্নতির তালিকা কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ তালিকা অনুযায়ী পদোন্নতির প্রজ্ঞাপন / পত্র ইস্যু করবে।

(খ) অফিসার ও তদনিম্ন সকল পদে পদোন্নতির জন্য : কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ হতে পদোন্নতির যোগ্যতা অর্জনকারীদের তালিকা ও মূল্যায়ন সীট প্রাপ্তির পর কমিটির চেয়ারম্যান এক বা একাধিক সভা আহ্বান করবেন। উক্ত সভায় বাছাই কমিটি প্রত্যেক কর্মচারীর মূল্যায়ন সীটে উল্লেখিত তথ্যাদি পর্যালোচনা ও বিচার বিশ্লেষণপূর্বক কমিটির বিবেচনায় উপযুক্ত প্রার্থী বাছাই করে নির্ধারিত নম্বর প্রদানপূর্বক উত্তীর্ণ প্রার্থীদের জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির জন্য শ্রেণিভিত্তিক তালিকা প্রণয়ন করবে। প্রার্থী বাছাইয়ের সময় প্রার্থীর সার্বিক পারফরমেন্স অর্থাৎ ঋণ বিতরণ ও আদায়ে অবদান, সততা, সুনাম, নেতৃত্ব, কর্মদক্ষতা, ব্যক্তিত্ব, স্বাস্থ্য / শারীরিক যোগ্যতা, কোন ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতির নিদর্শন ইত্যাদি পদোন্নতির ক্ষেত্রে ইতিবাচক

বিষয় হিসেবে বিবেচনায় আনতে হবে। সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিগত নথি, বার্ষিক প্রতিবেদন এবং এই সংক্রান্ত যে কোন রেকর্ডপত্র পরীক্ষা করে দেখতে পারবে। কমিটি কর্তৃক প্রণীত পদোন্নতির তালিকা কমিটির সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করতে হবে। কর্তৃপক্ষের অনুমোদনের পর পদোন্নতির তালিকা কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতার ক্রমানুসারে পদোন্নতির প্রজ্ঞাপন / পত্র ইস্যু করিবে।

১১.১৪। চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পদোন্নতির জন্য বিধান : অত্র নীতিমালা বহির্ভূত চতুর্থ শ্রেণীর কর্মচারী পদে বর্তমানে স্থায়ীভাবে স্বল্প সংখ্যক কর্মচারী নিয়োজিত আছে। এই সকল পদসমূহ হতে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বর্তমান সাংগঠনিক কাঠামোতে কোন পদবিন্যাস না থাকায় চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পদোন্নতির বিষয়ে পরবর্তীতে নীতিমালা প্রণয়ন করা হবে।

